কোলাঘাট ও মেচেদায় ভোট প্রচারে নামলেন তৃণমূল প্রার্থীরা

নিজস্ব সংবাদদাতা, কোলাঘাট ঃ শুক্রবার সকালে কোলাঘাট ও মেচেদায় দেখা গেল ভোটের প্রচারে বাড়ি বাড়ি গিয়ে ভোট প্রার্থনা, কোলাঘাট ব্লক এলাকায় জেলা পরিষদের তৃণমূলের প্রার্থী সুমিত্রা পাত্রকে। তাঁর কথায়, আদালত কী রায় দেবে জানিনা। এলাকা অনেক, তাই জনসংযোগ বাড়াতে সময় তো নষ্ট করা যায় না। অপরদিকে মেচেদার শান্তিপুর গ্রামের গ্রামসভার গতবারের বিজয়ী প্রার্থী কৃষ্ণা সামন্ত রায় এদিন সকাল সকাল গ্রামের মহিলাদের নিয়ে বাড়ি বাড়ি বেরোলেন প্রচারে। কৃষ্ণা দেবী জানান, হাতে সময় অল্প, কোনভাবেই সময় নষ্ট করা যাবে না। তবে যদি আদালতের রায়ে দিন পিছোয় তাহলে সত্যি প্রার্থীদের কাছে শুভ খবর নয়, উন্নয়নও থমকে যাবে, বলে জানান কৃষ্ণাদেবী। সব মিলিয়ে শুক্রবার সারাদিন টানটান উত্তেজনায় কাটলো। চোখ ছিল টিভির পর্দায় ও মোবাইলে ফেসবুকে আদালতের রায় জানতে। তবে আদালতের রায়ে গ্রামের শাসকদলের নেতা ও প্রার্থীদের যে অনেকটা হতাশ করেছে তাতে সন্দেহের অবকাশ নেই। এই রায়ে বেশ কিছুটা খুশি বিরোধী পক্ষরা। যে সমস্ত এলাকায় প্রার্থী দিতে পারেনি এবারে আদালতের রায়ে আবারো নতুন করে মনোনয়ন পত্র যদি পেশ করার পুনরায় অনুমতি পায় তাহলে কিছুটা সমীকরণ পাল্টাতে পারে, এমনটিই জানালেন কোলাঘাটের বিজেপি নেতা দেবব্রত পট্টনায়েক। তিনি আরো বলেন, সম্প্রতি যে মনোনয়ন পত্র জমা দেওয়া হল তা এলাকার মানুষ সবাই জানে কী প্রহসন হয়েছে। কারোর ফেটেছে মাথা, কেউবা হুমকি খেয়ে মনোনয়ন পত্র তুলতে বাধ্য হয়েছেন। আবার কখনো তমলুকে তৃণমূলের ক্যাম্প করে মনোনয়ন পত্র ছিনিয়ে নিতে হাত কাঁপেনি। এতই যদি উন্নয়ন করে তাহলে মাথা ফাটাতে হয় কেন শাসক দলকে। দেবব্রতবাবু কটাক্ষ করে বলেন, মানুষের গণতান্ত্রিক অধিকার উন্নয়নের বন্যায় সব ভেসে গেছে। তাই এলাকার মানুষের গণতান্ত্রিক অধিকার ভোটদান, তা থেকেও বিরত থাকতে হচ্ছে শাসকদলের শাসনে। সবমিলিয়ে এখন সমস্ত রাজনৈতিক দল রীতিমতো চাপে, ভোটের দিন নতুন করে কবে ধার্য হবে, তার দিকেই তাকিয়ে সবাই।

বিজেপি প্রার্থীর বাড়িতে হামলা, ভাঙচুর

নিজস্ব সংবাদদাতা, ভগবানপুর ঃ বারবার হুমকি দিয়েও কথা না শোনায় এক বিজেপি প্রার্থীর বাড়িতে সদলবলে গিয়ে ভাঙচুর চালালো তৃণমূল প্রার্থীর ছেলে। ঘটনাটি ঘটেছে পূর্ব মেদিনীপুর জেলার ভগবানপুর-১ ব্লকের মহম্মদপুর গ্রাম পঞ্চায়েতে। অভিযুক্ত পিন্টু প্রধান ও তার সমর্থকদের বিরুদ্ধে ভগবানপুর থানায় অভিযোগ দায়ের হয়েছে। প্রসঙ্গত, অভিযুক্ত পিন্টু প্রধানকে কিছুদিন আগেই এক দোকানদার ও স্ত্রীকে বিবস্ত্র করে মারধরের অভিযোগ ভগবানপুর থানার পুলিশ গ্রেফতার করেছিল। কিছুদিন আগে জামিনে তাণ্ডব চালাচ্ছে বলে অভিযোগ। যদিও অভিযুক্ত পিন্টু প্রধান তার বিরুদ্ধে ওঠা সমস্ত অভিযোগ অস্বীকার করেছে। কয়েকমাস আগে সালিশি সভার নাম করে ডেকে নিয়ে গিয়ে মহম্মদপুর গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান তৃণমূল নেতা নান্টু প্রধানকে নৃসংশভাবে খুনের ঘটনা ভগবানপুরে ঘটে।সেই নান্টু প্রধানের বাবা চাঁইরি প্রধানের বিরুদ্ধে বিজেপির প্রার্থী হয়েছেন তাঁর ভাই মতিলাল প্রধান। অভিযোগ, মতিলাল প্রার্থী হচ্ছে জানতে পারার পর থেকেই তাঁকে নির্বাচন থেকে সরে দাঁড়াবার জন্যে চাপ দিতে শুরু করে ভাইপো পিন্টু প্রধান।সেই হুমকী উপেক্ষা করেই বিজেপির হয়ে দাদা তথা তৃণমূল প্রার্থী চাঁদরাই প্রধানের বিরুদ্ধে বিজেপির প্রার্থী হয়ে মনোনয়ন জমা করেন মতিলাল। অভিযোগ করে পরে চাপ আসতে শুরু করে মনোনয়ন পত্র প্রত্যাহারের। সেই চাপের কাছেও নতি স্বীকার না করায় শুক্রবার রাতে মতিলালবাবুর বাড়িতে চড়াও হয় দাদা চাঁদরাই প্রধানের ছেলে পিন্টু প্রধান ও তার দলবল। কিল, চড়ের পাশাপাশি লাঠি দিয়ে মারধর করা হয়। মারধরের সময় বাধা দিতে এলে মারধর করা হয় প্রতিবেশীদেরও। গাল, হাত, পা ফাটিয়ে রক্ত বের করে দেয় বলে অভিযোগ। ঘটনায় উত্তেজনা ছড়িয়েছে এলাকায়।

পটাশপুরে অপহৃতা নাবালিকা উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ বিয়ের প্রলোভন দেখিয়ে অপহৃতা এক নাবালিকাকে পশ্চিম মেদিনীপুরের সবং থেকে উদ্ধার করল পূর্ব মেদিনীপুর জেলার পটাশপুর থানার পুলিশ। তবে অপহরণকারী পলাতক। অভিযুক্ত ধরতে তল্লাশি অভিযান শুরু করেছে পুলিশ। জানা গেছে, গত ১৬ তারিখ পটাশপুরের অমরপুরের এক নাবালিকাকে প্রতিবেশী যুবক সঞ্জীব মাইতি বিয়ের প্রলোভন দেখিয়ে অপহরণ করে নিয়ে যায়। নাবালিকার পরিবার থানায় অভিযোগ করে। ঘটনার তদন্তে নেমে পুলিশ পশ্চিম মেদিনীপুরের সবং থেকে এই নাবালিকাকে উদ্ধার করে শুক্রবার। তবে অভিযুক্ত সঞ্জীব মাইতি পলাতক।

অপর দিকে কাঁথি-৩ ব্লকের ধাদালীবাড় এলাকা থেকে বিয়ের প্রলোভন দেখিয়ে অপহৃতা এক একাদশ শ্রেণির ছাত্রীকে সাতমাইল থেকে উদ্ধার করলো পুলিশ। গত ১৫ তারিখ প্রতিবেশী যুবক বুদ্ধদেব মাইতি এক নাবালিকাকে অপহরণ করে বলে অভিযোগ। অভিযোগ পেয়ে মারিশদা থানার পুলিশ ঘটনার তদন্তে নেমে শুক্রবার নাবালিকাকে উদ্ধার করলেও পলাতক অভিযুক্ত বুদ্ধদেব মাইতি। উদ্ধার হওয়া দুই নাবালিকাকে শনিবার কাঁথি মহকুমা আদালতে হাজির করে পুলিশ। এদের গোপন জবানবন্দি গ্রহণ করে আদালত।

দুই ছাত্রীকে চুলের মুঠি ধরে মার

নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর ঃ ইভটিজিং-এর প্রতিবাদ করায় হাই মাদ্রাসার ক্লাসে দুই ছাত্রীকে বেধড়ক মারধর ও হাসপাতালে ভর্তিকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ালো। মেদিনীপুর শহরের মিঞা বাজার হাই মাদ্রাসার ঘটনা। ঘটনার সূত্রপাত কয়েকদিন আগে। ওই মাদ্রাসার ১জন ছাত্র সেক আকাশ প্রায়শই উত্যক্ত করত ছাত্রীদেরকে। সেই কারণে স্কুল কর্তৃপক্ষ আজ ওই ছাত্রকে স্কুলে ঢুকতে বারণ করে মাদ্রাসা কর্তৃপক্ষ। তখন সে বাইরে বেরিয়ে যায়। পরে আবার স্কুলে গিয়ে হুমকি দেয়, বাইরে বেরোলে দেখে নেবো। তারপর যখন ছাত্রীরা স্কুল থেকে বাইরে বেরায় তখন স্কুলের দুই ছাত্রীকে রাস্তায় চুলের মুঠি ধরে মারে।এরপর সেই ঘটনাস্থলে দুই ছাত্রীর বাড়ির লোকজন গিয়ে পৌঁছান। এই ঘটনার পর যখন ছাত্রীদের বাড়ির লোক ছেলেটির বাড়িতে যান, তখনও ছাত্র ও ছাত্রের পরিবার মেয়েদের এবং তাদের পরিবারের লোকজনকে মারধর করে।

অন্যদিকে মাদ্রাসার ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সৈয়দ আসিকুল বারি হাসপাতালে আসেন আক্রান্তদের দেখতে। তিনি বলেন, আগামীকাল অভিভাবকদের নিয়ে মিটিং করা হবে। এই ঘটনার পরে এলাকা থমথমে। কোতয়ালী থানার পুলিশ তদন্ত শুরু করেছে।

ভোটের দিনক্ষণ নিয়ে জটিলতা না কাটলেও প্রচারে খামতি নেই প্রার্থীদের। শুক্রবার রাতে কাঁথি-৩ পঞ্চায়েত সমিতির কুসুমপুরে প্রচারে তৃণমূলের পঞ্চায়েত সমিতির স্থানীয় আসনের প্রার্থী কনিষ্ক পন্ডা।

দুর্ঘটনাকে কেন্দ্র করে এলাকা রণক্ষেত্র

নিজস্ব সংবাদদাতা, খড়্গপুর ঃ পশ্চিম মেদিনীপুরের খড়্গপুরের কালিগেড়িয়া এলাকা শুক্রবার গভীর রাতে পথ দুর্ঘটনায় এক ব্যক্তির মৃত্যুকে কেন্দ্র করে রণক্ষেত্রের আকার নেয় এলাকা। ৬০ নং জাতীয় সড়কে দুর্ঘটনাটি ঘটে। মৃতের নাম মুক্তিপদ জানা। বাড়ি হাওড়ার সানমনিনাথপুর। দুর্ঘটনার পর উত্তেজিত জনতা গাড়িতে আগুন লাগিয়ে দেয়। পরবর্তীতে ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ গিয়ে লাঠিচার্জ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। গতকাল রাত ১১টা নাগাদ মোটর সাইকেল করে বাড়ি ফেরার পথে মুক্তিপদবাবুকে একটি লরি ধাক্কা মেরে পালিয়ে যায়। ঘটনাস্থলেই মৃত্যু হয় তাঁর।খবর পেয়ে ঘটনাস্থলে যায় খড়্গপুর থানার পুলিশ। তারা মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। এদিকে দুর্ঘটনাকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায় এলাকায়। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে এলে স্থানীয়রা তাদের উপর চড়াও হয়। পুলিশের গাড়িতে আগুন লাগিয়ে দেওয়া হয়।

নেশাগ্রস্থ হয়ে স্ত্রীকে মারলো স্বামী

নিজস্ব সংবাদদাতা, পশ্চিম মেদিনীপুর ঃ কয়েকদিন আগে পশ্চিম মেদিনীপুর জেলার ডেবরাতে নেশাগ্রস্থ অবস্থায় স্ত্রীকে পিটিয়ে মেরেছিল স্বামী। ঘের একই ঘটনা ঘটলো বৃহস্পতিবার রাতে। এবারের ঘটনা ডেবরা ব্লকের ৬নং জলিমান্দা অঞ্চলের কোতই গ্রামে। মৃত মহিলার নাম শেফালী মুর্মু (৪৫)। পুলিশ সূত্রে খবর বৃহস্পতিবার সন্ধ্যায় শেফালী মুর্মুর স্বামী হেমন্ত সিং মদ্যপ অবস্থায় এসে স্ত্রীর সঙ্গে বচসায় জড়িয়ে পড়ে। তারপরেই লোহার অস্ত্র দিয়ে শেফালী মুর্মুর মাথায় আঘাত করলে ঘটনাস্থলেই মৃত্যু হয় তার। ছেলে টিউশান থেকে ফিরে এসে দেখে তার মা মৃত অবস্থায় পড়ে রয়েছে। পরে ঘটনাস্থলে ডেবরা থানার পুলিশ এসে স্বামী হেমন্ত সিংকে গ্রেফতার করে। শুক্রবার ধৃতকে মেদিনীপুর আদালতে তোলা হলে তিন দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দেওয়া হয়।

সাতদিন বিদ্যুৎহীন আস্ত একটি গ্রাম

নিজস্ব সংবাদদাতা, ঝাড়গ্রাম ঃ ঝাড়গ্রাম জেলার বাঁশতলা গ্রামে ৭দিন বিদ্যুৎহীন অবস্থায় পড়ে রয়েছে ৩০টি পরিবার। কোন হেলদোল নেই বিদ্যুৎ দপ্তরের। বারবার বলা সত্ত্বেও কোন সুরাহা হচ্ছেনা। এপ্রিলের ১২ তারিখ বাঁশতলা গ্রামের খাসডাহি এলাকার ট্রান্সফরমায় বাজ পড়ে ট্রাসফর্মা পুড়ে যায়। ট্রান্সফর্মার পুড়ে যাওয়ার কারণে ভোগান্তির শিকার হচ্ছেন বাঁশতলা গ্রামের বাসিন্দারা। বিদ্যুৎ দফতরে বার বার জানানো সত্ত্বেও কোন কাজ হচ্ছে না বলে অভিযোগ গ্রামবাসীদের। এলাকাটি হাতি প্রবণিত হওয়ার জন্য ভয়ে ভয়ে দিন দিন কাটছে তাঁদের। রাতের অন্ধকারে হঠাৎ দাঁতাল বাড়ির উঠোনে চলে আসতে পারে। গ্রামে তেমন কোনো পাতকুয়ো নেয়, ভরসা ছিল সাবমার্শিবল পাম্প কিন্তু তাও বিদ্যুতের অভাবে অকোজো। গ্রামবাসীদের পানীয় জলের জন্য ভরসা করতে হচ্ছে পাশের গ্রাম নুনিয়াকুদ্রী, নলবনার এবং নুনিয়াকুদ্রীর খালের উপর। স্কুল পড়ুয়ারা রাত্রে পড়াশুনা করতে পারছে না। প্রবীনদের একাংশ বলেন, গরমে বাড়িতে থাকতে পারছি না, তাই আশ্রয় নিতে হচ্ছে গাছের তলায়। গ্রামবাসীরা জনান, কবে যে সুরাহা হয় কে জানে। তবে অনেকে বলছে পড়াশুনা থেকে খাবার জল সব অসুবিধার মধ্যে। কবে বিদ্যুৎ দপ্তর ট্রান্সফরমারটি সারাই বা বদলে ফেলে আমরা সেই আশাতেই দিন কাটাচ্ছি।

অগ্নিদগ্ধ গৃহবধূর মৃত্যু, তদন্তে পুলিশ

নিজস্ব সংবাদদাতা, সাঁকরাইল ঃ গৃহবধূর অস্বাভাবিক মৃত্যুতে চাঞ্চল্য ছড়াল। পুলিশ জানিয়েছে, মৃতার নাম উমা সরেন (৩২)। বাড়ি পশ্চিম মেদিনীপুরের সাঁকরাইল থানার রগড়াতে। পুলিশ সূত্র খবর, আগুনে পুড়ে গিয়েছিল ওই গৃহবধূ। পরিবারের লোকেরা তাকে এগরা সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি করান। আর সেখানেই চিকিৎসকেরা তাকে মৃত বলে ঘোষণা করেন। ঘটনার তদন্ত শুরু করেছে এগরা থানার পুলিশ।

খেজুরীতে তৃণমূল প্রার্থীর প্রচারে দেওয়াল লিখন।

শিশুদের যৌন নির্যাতন নিয়ে সচেতনতা শিবির

নিজস্ব সংবাদদাতা, খড়্গপুর ঃ নারী নির্যাতন ও নিগ্রহের পাশাপাশি শিশুদের যৌন নির্যাতন ও নিগ্রহের ঘটনা বর্তমানে কম ঘটছে না। নিরাপত্তাহীনতায় ভুগছে শিশু কন্যারা। সাথে চিন্তিত অভিভাবক-অভিভাবিকারাও। তাই ছাত্রীদের যৌন হেনস্তা কী এবং তার সম্পর্কে বিস্তারিত আলোচনার মধ্য দিয়ে সচেতন করল খড়্গপুর আইআইটি।তারা এই কর্মসূচির নাম দিয়েছে 'বালরক্ষক'। শুক্রবার আইআইটি ক্যাম্পাসের হিজলি জুনিয়র বেসিক স্কুলের ছাত্রীদের যৌন নিগ্রহ বিষয়ে সচেতন করা হয়। স্কুলে সকাল সাড়ে নটা থেকে সাড়ে দশটা পর্যন্ত এক ঘন্টার সচেতনতা শিবিরে ছাত্রীদের সামনে নানা বিষয় তুলে ধরা হয়েছে। যৌন নির্যাতনের পাশাপাশি আত্মরক্ষার বিষয়ে বিশেষভাবে সচেতন করা হয়েছে। শিশুদের সহজ সরল ভাষার মধ্য দিয়েই খড়্গপুর আইআইটি চাইল্ড লাইন ভল্যান্টিয়ার্স চ্যাপ্টারে যুক্ত কলেজের ডক্টরেট স্টুডেন্টরাই মূলত এই ধরনের কর্মসূচি গ্রহণ করেছেন। ১৮ এপ্রিল থেকে ২০ এপ্রিল পর্যন্ত চলে এই সচেতনতার কর্মসূচি।

পশ্চিম মেদিনীপুরে চড়ছে তাপ

নিজস্ব সংবাদদাতা, পশ্চিম মেদিনীপুর ঃ রাজ্য জুড়ে গ্রীষ্মকালের শুরুর মুখেই বাড়ছে তাপমাত্রা। আর সেই তাপমাত্রার প্রভাব পড়ছে পশ্চিম মেদিনীপুর জেলাতেও। সকাল ৯টা বাজতে না বাজতেই তাপের ঝলকানি অনেকটাই বাড়তে থাকে। আর এইভাবে চললে শুরু হবে জলসংকট। বাড়বে হৃদরোগের আশংকা। মানুষজন কাজে বেরোতে গেলেও সমস্যার মুখে পড়তে হবে। তাই সকাল বেলাই নিজেদের কাজকর্ম সেরে নিতে চাইছে জেলাবাসী। পাশাপাশি রাস্তাঘাটে চলাফেরা জন্য ছাতার ব্যবহার অনেকটাই বেড়েছে। ভিড় বেড়েছে ডাবের দোকানে, আখের রস ও শরবত দোকানেও। এব্যাপারে চিকিৎসক ডাঃ শুভেন্দু বাগ জানান, যাবতীয় কাজকর্ম সকালে সারুন। পানীয় জল খান প্রচুর পরিমানে। পাশাপাশি রৌদ্রে বেরোলে ছাতা এবং ফুলহাতা জামা-কাপড় পরে বাইরে বেরোলে অনেকটাই সুবিধা হবে। ভারি মশলা মটন-চিকেন যতটা সম্ভব কম খাবেন। ও আর এস বেশি পরিমাণে খাবেন। তাহলে শরীর অনেকটা সুস্থ থাকবে।